

জেলা লিগ্যাল এইড অফিসার (বিজ্ঞ সিনিয়র সহকারী জজ) রাজশাহী এর একটি  
টেলিফোন কল ফিরিয়ে দিল দরিদ্র রহিমা খাতুনের কোলে তাঁর ০৬ মাস বয়সী  
ছেলে হামিম কে ।



**প্রেস বিজ্ঞপ্তি :** জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা এর জেলা অফিস, জেলা লিগ্যাল এইড অফিস, জজ কোর্ট, রাজশাহী এর প্রধান জেলা লিগ্যাল এইড অফিসার (বিজ্ঞ সিনিয়র সহকারী জজ ) মহোদয়ের একটি টেলিফোন কল ফিরিয়ে দিল মোসা: রহিমা খাতুনের কোলে তাঁর ৬ মাস বয়সী ছেলে হামিম কে ।

গত ১০/০১/২০১৬ ইং তারিখে রাজশাহী জেলার গোদাগাড়ী থানার অন্তর্গত গোপালপুর গ্রামের রহিমা খাতুন রাজশাহী জজ কোর্টে অবস্থিত জেলা লিগ্যাল এইড অফিসে তাঁর ৬ মাস বয়সী ছেলে হামিম কে তার স্বামী মোঃ হাবিবুর রহমান, পিতা-মোঃ বজলুর রহমান সাং-ভুগরইল চালুর মোড়, প্রশাসনিক থানা- শাহমুখদুম, জেলা- রাজশাহী এর নিকট হতে উদ্ধার ও দেনমোহর-ভরণপোষন আদায়ের জন্য বিনা খরচে মামলা করতে আসেন। সংশ্লিষ্ট অফিসের কর্মকর্তা জেলা লিগ্যাল এইড অফিসার (সিনিয়র সহকারী জজ) জনাব মোঃ সেলিম রেজা উক্ত রহিমা খাতুনের সমস্ত কথা শুন্যর পর দেনমোহর ও ভরণপোষন আদায়ের নিমিত্তে একটি আবেদন গ্রহণ করেন। অতঃপর রহিমা খাতুনের কান্নাকাটিতে তার সন্তানের উদ্ধারের বিষয়টি দ্রুত নিশ্চিত করার জন্য জেলা লিগ্যাল এইড অফিসার জনাব মোঃ সেলিম রেজা স্বপ্রণোদিত হয়ে শাহমুখদুম থানার অফিসার ইনচার্জকে টেলিফোনে বিষয়টি জানান এবং উক্ত রহিমা খাতুনকে একই দিনে শাহমুখদুম থানার অফিসার ইনচার্জ এর নিকট পাঠিয়ে দেন। রহিমা খাতুন সে মোতাবেক উক্ত থানায় পৌছলে অফিসার ইনচার্জ তার নিকট হতে অভিযোগের বিষয়ে শুনে তৎক্ষণাত পুলিশ ফোর্স পাঠিয়ে রহিমা খাতুনের স্বামীর বাড়ী হতে তার ০৬ মাস বয়সী নাবালক সন্তান মোঃ হামিম কে উদ্ধার করে রহিমা খাতুনের জিম্মায় প্রদান করেন। উক্তরূপ উদ্ধারের ফলে নাবালক সন্তানটি যেমন তার মায়ের কোলে ফিরে যেতে পেরেছে, তেমনি সংশ্লিষ্ট থানা পুলিশের আন্তরিক সহযোগিতার ফলে আদালতে মামলা না করেও একজন মানুষের মানবাধিকার নিশ্চিত হয়েছে। একই সাথে লিগ্যাল এইড অফিসারের আন্তরিক সহযোগিতা ও সময়োচিত পদক্ষেপ দরিদ্র, অসহায় মানুষের অধিকার নিশ্চিত করণে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে, যা সরকারি খরচে আইনী সহায়তা প্রদানের নিমিত্তে সরকারের গৃহিত এই উদ্যোগকে আরও সাফল্যমন্ডিত করবে।

বার্তা প্রেরক

মোঃ সেলিম রেজা

জেলা লিগ্যাল এইড অফিসার ও সিনিয়র সহকারী জজ, রাজশাহী

টেলিফোন- ০৭২১-৭৭১৩৭৩

হটলাইন-০১১৯৬-১১৩৫০২, ০১৭০০-৯৭৯৮৯০

তারিখ-১৩ জানুয়ারী, ২০১৬ ইং।